



ক্যামব্রিজ পাবলিক স্কুলস গণিতের নতুন একটি প্রাথমিক পাঠ্য ম গ্রহণ করেছে: উদাহরণযুক্ত গণিত। সমস্যা-ভিত্তিক এই পাঠ্য ম কঠিন প্রাথমিক গণিতকে সব শিক্ষার্থীর নাগালের মধ্যে এনে দেবে।



আমরা দেশের হাতে গোনা কয়েকটি ডিস্ট্রিক্টের মধ্যে একটি যারা একেবারের প্রাথমিক স্তর থেকে হাই স্কুল পর্যন্ত উদাহরণযুক্ত গণিতের ব্যবহার শুরু করেছে।

সমস্যা-ভিত্তিক পাঠ্য ম কি?

সমস্যা-ভিত্তিক পাঠ্য মের আওতায় শিক্ষার্থীরা ক্লাসের বেশিরভাগ সময় মজার মজার সমস্যা সমাধানের পেছনে ব্যয় করে। শিক্ষকরা শিক্ষার্থীদের সমস্যা বুঝতে সহায়তা করবেন, ভাবার জন্য তাদের বিভিন্ন প্রশ্ন করবেন, এবং ক্লাসে আলোচনার মাধ্যমে এটা নিশ্চিত করবেন যেন সবাই গণিত বিষয়টি বুঝতে পারে।

এখন যারা বড় তারা ছোটবেলায় যেভাবে গণিত শিখেছেন, তা থেকে এই পদ্ধতি অনেকটাই আলাদা। গবেষণায় দেখা গেছে যে, সহজভাবে চিন্তা ও গাণিতিক সমস্যার সমাধান এবং বিভিন্ন ধারণার মধ্যে যোগসূত্র স্থাপন করতে পারা শিশুদের জন্য খুবই জরুরি। এটি শুধু তাদের দৈনন্দিন জীবনে নয় স্কুলের বিভিন্ন পরীক্ষায়ও তাদের সহায়তা করে।

আমার শিক্ষার্থীকে সফল করতে সরঞ্জামের মধ্যে কি ধরনের সহায়তার ব্যবস্থা রয়েছে?

- ওয়ার্ম-আপস: গণিতের প্রতিটি ক্লাস কিছু ওয়ার্ম-আপ কর্মকাণ্ডের মাধ্যমে শুরু হয় যা শিক্ষার্থীদের ওইদিনের গাণিতিক বিষয়ের সাথে পরিচিত করে। এই ওয়ার্ম-আপগুলো পরিচিত ধাপ অনুসরণের মাধ্যমে শিক্ষার্থীদের পুরো বিষয়টির সাথে অভ্যস্ত করে তুলতে সহায়তা করে। এই সময়টাতে নিজেদের ভাবনা ও প্রশ্নগুলো সবার সামনে তুলে ধরতে শিক্ষার্থীদের উৎসাহ দেয়া হয়।
- কর্মকাণ্ড এবং পাঠ সমন্বয়: প্রতিটি কর্মকাণ্ড বা পাঠের পর সমন্বয়ের জন্য সময় বরাদ্দ থাকবে যখন গণিতের মূল ধারণাগুলো একসাথে করে সেগুলো নিয়ে আলোচনা করবো। শিক্ষার্থীরা কর্মকাণ্ড ও পাঠ থেকে কী শিখেছে তা নিয়ে কথা বলার ও এইগুলো গণিতের অন্য ধারণার সাথে কিভাবে সম্পর্কযুক্ত তা ব্যাখ্যা করার সুযোগ পাবে।
- অধ্যায়ের সারসংক্ষেপ: কয়েকটি পাঠ শেষ হওয়ার পর, সেগুলো থেকে শেখা গণিতের গুরুত্বপূর্ণ বিষয়গুলোর সারসংক্ষেপ থাকবে। সারসংক্ষেপে অনেক সময়ই ছবি ও সমস্যার নমুনা থাকবে। এই অংশ ব্যবহার করে শিক্ষার্থীরা নিজেদের শেখার বিষয়গুলো পর্যালোচনা করতে পারবে।
- প্রতিরূপ: এই পাঠ্য ম খুব সাবধানে বেছে নেয়া কিছু দৃশ্যত প্রতিরূপ ব্যবহার করে যেগুলোর শিক্ষার্থীরা গাণিতিক বিষয়গুলোর অর্থ বুঝতে পারে। শিক্ষার্থীরা যেগুলো ভালো বুঝতে পারে সেগুলোই তারা বেছে নিতে পারবে। এই প্রতিরূপগুলো শিক্ষার্থীদের সমস্যা বুঝতে এবং সমাধান করতে সহায়তা করে।
- যত্নকারীর সহায়ক সরঞ্জাম: প্রতিটি ইউনিটের শেষে ওই ইউনিটের গাণিতিক বিষয়বস্তু সম্পর্কে একটি চিঠি ও একটি ভিডিও যুক্ত আছে যার মধ্যে আপনার শিক্ষার্থীকে করার মতো প্রশ্ন বা সমাধান করার জন্য সমস্যা দেয়া রয়েছে।

আমি কিভাবে গণিতের ক্ষেত্রে আমার শিক্ষার্থীকে সহায়তা করতে পারি?



গণিত সম্পর্কে ইতিবাচক বার্তা

গতির চেয়ে চিন্তা বেশি
গুরুত্বপূর্ণ

ভুলগুলো উপহারের মতো যা
আলোচনার সুযোগ করে দেয়

যতক্ষণ পর্যন্ত ধারণাগুলো
যুক্তিসঙ্গত মনে না হচ্ছে ততক্ষণ
পর্যন্ত প্রশ্ন করতে থাকো

উত্তরগুলো জরুরি তবে
সেগুলো গণিত নয়

আমরা অন্যদের ধারণা নিয়ে
কথা বলার মাধ্যমে শিখি

আপনার শিক্ষার্থীকে গণিত জানা, ব্যবহার এবং উপভোগ করার এই যাত্রায় সহায়তা করার বিষয়ে আমরা উদ্বীপ্ত।